KYM L. WORTHY
PROSECUTING ATTORNEY

RICHARD P. HATHAWAY
CHIEF ASSISTANT

DARYL CARSON
CHIEF OF STAFF

# COUNTY OF WAYNE
# OFFICE OF THE PROSECUTING ATTORNEY
# DETROIT, MICHIGAN

CRIMINAL JUSTICE CENTER
5301 RUSSELL STREET, Suite 200
DETROIT, MICHIGAN 48211

TEL: (313) 224-5777

August 25, 2025

প্রিয় বাবা-মা/অভিভাবক:

ওয়েন কাউন্টি প্রসিকিউটর অফিস সকল অভিভাবক/অভিভাবকদেরকে তাদের স্কুল-বয়সের বাচ্চাদের সাথে এমন একটি বিষয় নিয়ে কথা বলার অনুরোধ করছে যা খুব প্রচলিত, যেমন, স্কুল সহিংসতার হুমকি।

যেহেতু পর্যায়ক্রমে সারা দেশে বন্দুকবাজের হামলা দুর্ভাগ্যজনকভাবে বাস্তবতায় পরিণত হয়েছে, তাই এই ঘটনাগুলি স্বাভাবিকভাবেই সংবাদ এবং সোশ্যাল মিডিয়ায় প্রচারিত হয়। অভিজ্ঞতা আমাদের শিখিয়েছে যে স্কুলে বন্দুকবাজদের হামলার ঘটনাগুলির প্রভাবের কারণে স্কুলের শিক্ষার্থীরা তাদের স্কুল, শিক্ষক এবং/অথবা সহপাঠীদের বিরুদ্ধে একই ধরণের হুমকি দেয়। এর মধ্যে অনেক ক্ষেত্রে, যে শিক্ষার্থীটি হুমকি দিয়েছিল, সে তদন্তকারীদের বলেছে যে তারা "শুধু ঠাট্টা" করছিল এবং হুমকি দেওয়ার পরিণতি কতটা গুরুতর তা জানতে পেরে সত্যিই হতবাক হয়ে গেছে। প্রায়শই তারা এই হুমকি দেয় কারণ এটি তাদের কাছে গুরুতর বলে মনে হয় না যতক্ষণ না তারা এটি করেছে। তবে, মিশিগান আইন অনুসারে এই হুমকি দেওয়া অপরাধ, এমনকি যদি হুমকিদাতা ব্যক্তির এই রকম কিছু উদ্দেশ্য বা ক্ষমতা না থাকে তাহলেও।

যখন হুমকি দেওয়া হয় তখন আমরা সঙ্গে সঙ্গে জানতে পারি না যে হুমকিটি গুরুতর কিনা, অথবা তথাকথিত ঠাট্টা করা হয়েছে কিনা। তাই, আইন প্রয়োগকারী সংস্থাকে প্রতিটি হুমকির গুরুত্ব দিতে হবে, কারণ তা না করলে আপনার সন্তান এবং সম্প্রদায়কে ঝুঁকিতে ফেলবে এবং এই পরিস্থিতি হতে দিতে পারি না। আমার অফিস এই মামলাগুলিকে অত্যন্ত গুরুত্ব দেয়, শুধুমাত্র আপনার সন্তান এবং সম্প্রদায়কে নিরাপদ রাখার প্রয়োজনের কারণে নয়, বরং স্কুলের পরিবেশ বিঘ্নিত না করার কারণে এবং স্কুল এবং আইন প্রয়োগকারীরা এই ধরনের " ঠাট্টা "হুমকিরও গুরুত্ব দেয়।

August 25, 2025

অনুগ্রহ করে আপনার বাচ্চার সাথে কথা বলুন। তাদেরকে বোঝান যে তাদের সামান্য কথার ফল সারাজীবন ভুগতে হতে পারে। শিক্ষার্থীদের বিরুদ্ধে সন্ত্রাসের মিথ্যা হুমকি বা সন্ত্রাসের হুমকির মতো অপরাধের অভিযোগ আনা হতে পারে। গত বছর প্রণীত একটি নতুন আইন অনুসারে স্কুলের শিক্ষার্থী বা কর্মচারীদের বিরুদ্ধে সহিংসতার হুমকি দেওয়াও অপরাধ। এই অপরাধগুলির ফলে একজন প্রাপ্তবয়স্কের 10 বা 20 বছর পর্যন্ত কারাদণ্ড হতে পারে। হাই স্কুলের অনেক সিনিয়র ইতিমধ্যে 18, মিশিগান স্টেটের আইন অনুসারে তারা প্রাপ্তবয়স্ক। সম্ভাব্য আইনি পরিণতি ছাড়াও, এই ধরনের অভিযোগের ফলে শিক্ষার্থীর কলেজে পড়াশোনার জন্য কেন্দ্রীয় আর্থিক সাহায্য পাওয়া বন্ধ হতে পারে; কলেজের বৃত্তি বন্ধ করা পারে; কলেজে ভর্তি হওয়া থেকে বঞ্চিত হতে পারে এবং এর ফলে তাদের চাকরির আবেদনে বিচারাধীন মামলা বা ফৌজদারি শাস্তির উল্লেখ করতে হতে পারে।

আমরা জানি যে অতীতের স্কুলে গুলি চালানোর ঘটনায় জড়িত ব্যক্তিরা সাধারণত তাদের পরিকল্পনা কার্যকর করার আগে তাদের এক বা একাধিক সহকর্মীদের জানিয়েছিল। অতএব, আপনি আপনার বাচ্চাদের কোনো হুমকি সম্পর্কে শুনলে (সামাজিক মিডিয়া, টেক্সট, ইমেল ইত্যাদির মাধ্যমে পোস্ট করা হুমকি সহ) তা জানাতে বলুন, যাতে এই দুঃখজনক পরিস্থিতি হওয়ার আগে প্রতিরোধ করা যায়। আপনার বাচ্চাদের বোঝান যে এই ধরনের ঘটনা জানালে তা জীবন রক্ষাকারী হতে পারে এবং "দুঃখের চেয়ে নিরাপদ থাকা সবসময় ভাল।"

এই চিঠি পড়তে সময় দেওয়ার জন্য এবং আপনার বাচ্চা এবং আমাদের সম্প্রদায়কে নিরাপদ রাখতে আমার অফিসের সাথে কাজ করার জন্য আপনাকে ধন্যবাদ।

বিনীত,

Kym L. Worthy

Kym L. Worthy
ওয়েন কাউন্টি প্রসিকিউটর